# ধারণার উৎপত্তি সম্পর্কে দেকার্তের অভিমত (Origin of Concepts according to Descartes)

নিজের অস্তিত্বের ...

**৯। ধারণা (Ideas) :**

দেকার্তের মতে আত্মার অস্তিত্বই সবচেয়ে সুনিশ্চিত সত্য। আত্মার বা মনের ধর্ম হ'ল চিন্তন। কিন্তু মন যদি কোন কিছু সম্পর্কে অর্থাৎ ধারণা সম্পর্কে চিন্তা না করে তাহ'লে চিন্তন-ক্রিয়া হবে বিষয়বস্তুহীন বা অমূর্ত। চিন্তন বললেই যেমন তার একটা চিন্তন-কর্তা থাকবে, তেমনি তার কোন বিষয়বস্তু থাকবে। কাজেই

অন্তর ধারণা।

এমন কতকগুলি ধারণা আছে যা মন স্বাভাবিকভাবে বা অনিবার্য-ভাবে চিন্তা করে এবং এই অনিবার্য ধারণাগুলিকে দেকার্ত 'অন্তর ধারণা' (innate ideas) রূপে অভিহিত করেছেন। দেকার্তের মতে যথার্থ জ্ঞান স্পষ্ট ও প্রাঞ্জল ধারণার উপর নির্ভর করে এবং সব স্পষ্ট ও প্রাঞ্জল ধারণার উৎস হ'ল এই সব অন্তর ধারণা।

... তিন শ্রেণীতে ভাগ করেছেন—

দেকার্ত আমাদের মনের ধারণাগুলিকে তিন শ্রেণীতে ভাগ করেছেন—

(i) **আগন্তুক ধারণা (Adventitious Ideas) :** সংবেদনের মাধ্যমে যে-সব ধারণা বাইরে থেকে আমাদের মনে আসে, সেগুলি হ'ল আগন্তুক ধারণা। যেমন সূর্যের তাপের ধারণা, গোলাপ ফুলের লাল রঙের ধারণা ইত্যাদি। এই ধরনের ধারণা সংখ্যায় বহু, কিন্তু এগুলি স্পষ্ট ও প্রাঞ্জল নয়। এগুলির কোন নিশ্চয়তা নেই, কারণ স্বপ্নাবস্থায়ও এরূপ ধারণা আমরা পেতে পারি। এই জাতীয় ধারণার জন্য আমরা ভ্রমে পতিত হ'তে পারি।

(ii) **কৃত্রিম ধারণা (Factitious Ideas) :** আমাদের মন বিভিন্ন ধারণাকে পরস্পরের সঙ্গে যুক্ত ক'রে যে সব ধারণা গঠন করে সেগুলিকে বলা হয় কৃত্রিম ধারণা। এই সব ধারণা আমাদের সৃষ্ট, আমাদের কল্পনার ফল। যেমন, 'মৎস্য কন্যা', 'শৃঙ্গযুক্ত খরগোশ', 'ডানাসংযুক্ত অশ্ব',—এগুলি অলীক এবং এগুলির কোন সত্যতা নেই।

(iii) **অন্তর ধারণা (Innate Ideas) :** এগুলি হ'ল সেই সব ধারণা যেগুলি মন নিজের সম্পর্কে চিন্তা করতে গিয়েই অনিবার্যভাবে চিন্তা করে। এগুলি বাইরে থেকে আমাদের মনে আসে না বা আমাদের কল্পনার সৃষ্টি নয়। এগুলি সহজাত, অবশ্য সহজাত বলতে দেকার্ত এই কথা বলতে চাননি যে, আমাদের জন্মের প্রারম্ভ থেকেই এইসব ধারণা মনের মধ্যে পূর্ব থেকে উপস্থিত থাকে।

অন্তর ধারণার পরিচয় দিতে গিয়ে দেকার্ত বলেন যে, "যে অর্থে আমরা বলি মহানুভবতা কোন কোন পরিবারে সহজাত বা বাত রোগ বা পাথুরি রোগ কোন কোন

পরিবারে সহজাত, সেই অর্থেই আমি তাদের 'অন্তর ধারণা' বলি। তার অর্থ এই নয় যে, সেই সব পরিবারের শিশুরা মাতৃগর্ভে উপস্থিত থাকাকালীন এর অধিকারী হয়, বরং একথা বলা যেতে পারে যে, সেই সব রোগের সংক্রমণের প্রবণতা নিয়ে তারা জন্মায়।"[1]

এই অন্তর ধারণাই দেকার্তের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ। বাহ্য পদার্থ এদের উৎস নয় বা এগুলি কল্পনার সৃষ্টি নয়। তবু চিন্তাশীল দ্রব্যরূপে মনের অস্তিত্বের জন্যই এদের আবশ্যকতা। অসীমতা, নিত্যতা, পূর্ণসত্তা বা ঈশ্বরের ধারণা দেকার্তের মতে অন্তর ধারণার উদাহরণ। স্পষ্টতা এবং প্রাঞ্জলতাই এসব ধারণার সত্যতা প্রমান করে। এগুলি স্বতঃসিদ্ধ।

অন্তর ধারণাই সবচেয়ে গুরুত্বপূর্ণ

অধ্যাপক বিবেকানন্দ সাউ
দর্শন বিভাগ
বিদ্যানগর কলেজ